

# ক্লাসরুমে না পড়িয়ে সময় কাটানোও দুর্নীতি: শিক্ষামন্ত্রী

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ২১ ফেব্রুয়ারি ২০২৬, ১৭:৪৭



আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী। ছবি: ভিডিও থেকে নেওয়া

শিক্ষকদের দায়িত্ব ও নৈতিকতার প্রশ্ন তুলে শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, আপনি ক্লাসরুমে গিয়েছেন ক্লাস নেওয়ার জন্য কিন্তু আপনি ক্লাস না নিয়ে শুধু সময় কাটিয়ে গেলেন, এটি কি দুর্নীতি নয়? ক্লাসরুমে না পড়িয়ে সময় কাটানোও দুর্নীতি।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

শনিবার (২১ ফেব্রুয়ারি) দুপুরে রাজধানীর মিরপুরের পিটিআইয়ে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, আমি পাঁচটি বছর মন্ত্রী ছিলাম, আমার বিরুদ্ধে একটি দুর্নীতির মামলাও হয়নি। আমাদের প্রত্যেকের দুর্নীতিমুক্ত থাকতে হবে। দায়িত্বে থাকা অবস্থায় সৎ থাকা সবার জন্য জরুরি। ক্লাস নেওয়ার দায়িত্ব থাকা সত্ত্বেও যদি কেউ পড়াশোনা না করিয়ে শুধু সময় পার করেন সেটিও অনৈতিক কাজ এবং দুর্নীতির সামিল।

তিনি বলেন, শিক্ষকতার পেশায় দায়িত্ববোধ অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষকদের নিজেদের কাজের মূল্য বুঝতে হবে এবং শিক্ষার্থীদের ভবিষ্যৎ গড়ে তুলতে আন্তরিক হতে হবে।



তিনি আরও বলেন, দেশের পরিবর্তন আনতে হলে সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে শিক্ষাখাতে। শিক্ষকরা যদি আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেন তাহলে শিক্ষার্থীদের ঝরে পড়া অনেকটাই কমে যাবে।

শিক্ষকদের উদ্দেশ্য করে শিক্ষামন্ত্রী বলেন, একজন শিক্ষক যখন নিজের সন্তানকে অন্য স্কুলে পড়ান তখন প্রশ্ন ওঠে, তিনি কি সত্যিকার অর্থে শিক্ষকতার প্রতি আস্থাশীল? শিক্ষকদের উচিত নিজেদের ছাত্রছাত্রীদেরও নিজের সন্তানের মতো করে গড়ে তোলা।

অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব আবু তাহের মো. মাসুদ রানার সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন শিক্ষা ও প্রাথমিক গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।